



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য-৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd) ওয়েব : [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd)

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৪২/১৯-৪০০২

তারিখ: ১৭/১০/২০১৯

বিষয়: পুলিশ হেফাজতে মৃত্যু নিয়ে গ্রামবাসীর সঙ্গে সংঘর্ষ সংক্রান্ত অভিযোগের তদন্ত।

১৩ অক্টোবর ২০১৯ তারিখ 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় 'পুলিশ হেফাজতে মৃত্যু নিয়ে গ্রামবাসীর সঙ্গে সংঘর্ষ' শিরোনামে প্রকাশিত সংবাদে উল্লেখ করা হয় যে, আটকের কয়েক ঘণ্টা পর রংপুরের পীরগঞ্জ উপজেলার ভেন্দাবাড়ি পুলিশ ফাঁড়িতে এক ব্যক্তির মৃত্যুর ঘটনা ঘটেছে। এ নিয়ে গ্রামবাসীর সঙ্গে পুলিশের দফায় দফায় সংঘর্ষের ঘটনা ঘটে। গ্রামবাসীর অভিযোগ, পুলিশ ফাঁড়িতে আটক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করা হয়েছে। পুলিশের দাবি, আটক ব্যক্তি গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। মারা যাওয়া ব্যক্তির নাম শামসুল ইসলাম। তিনি মিঠাপুকুর উপজেলার শান্তিপুর গ্রামের বাসিন্দা ছিলেন।


প্রকাশিত সংবাদে আরো উল্লেখ করা হয় যে, দিবাগত রাত একটার দিকে ভেন্দাবাড়ি পুলিশ ফাঁড়ির ইনচার্জ উপপরিদর্শক (এসআই) আমিনুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল ২৫ লিটার চোলাই মদসহ শামসুল ইসলামকে পীরগঞ্জ উপজেলার বড় দরগা ইউনিয়নের ইসমাইলপুর গ্রাম থেকে আটক করে। আটকের পর তাঁকে নিয়ে আসা হয় ভেন্দাবাড়ি পুলিশ ফাঁড়িতে। বুধবার সকালে পুলিশ ফাঁড়ির গ্রিলের সঙ্গে ঝুলন্ত অবস্থায় তাঁর মরদেহ দেখা যায়।

পুলিশ হেফাজতে শামসুল ইসলামের মৃত্যুর খবর ছড়িয়ে পড়লে সকাল সাড়ে নয়টার দিকে গ্রামবাসী পুলিশ ফাঁড়িতে লাঠিসোঁটা নিয়ে হামলা চালান। তাঁরা পুলিশের দিকে ইটপাটকেল ছুড়তে শুরু করেন। ওই সময় গ্রামবাসীকে ছত্রভঙ্গ করতে পাঁচটি শটগানের গুলি ও কাঁদানে গ্যাস ছোড়ে পুলিশ। দুপুর ১২টা পর্যন্ত পুলিশ ও গ্রামবাসীর মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।

০২। অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক আগামী ১৩/১১/২০১৯ তারিখের মধ্যে কমিশনে প্রতিবেদন প্রেরণের জন্য আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০১ পাতা।

সিনিয়র সচিব  
জননিরাপত্তা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(আল-মাহমুদ ফায়জুল কবীর)  
পরিচালক (অভিযোগ ও তদন্ত)  
(জেলা ও দায়রা জজ)  
ফোনঃ ৫৫০১৩৭১৮(দপ্তর)